

মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ১৭১ [আন্তর্জাতিক নামারঃ ২৩৩]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ উট, অন্যান্য হালাল পশু এবং বকরীর খোঁয়াড় প্রসঙ্গে

بَابُ أَبْوَالِ الْإِبْلِ وَالدَّوَابِ وَالْفَنَمِ وَمَرَابِضِهَا

আরবী

..... عَنْ أَنَسٍ قَالَ: قَدِمَ أَنَّاسٌ مِنْ عُكْلٍ أَوْ عُرِينَةَ، فَاجْتَوَوْا الْمَدِينَةَ، فَأَمْرَهُمُ النَّبِيُّ بِلِقَاحٍ، وَأَنْ يَشْرِبُوا مِنْ أَبْوَالِهَا وَأَلْبَانِهَا، فَانطَلَقُوا، فَلَمَّا صَحُوا قَتَلُوا رَاعِيَ النَّبِيِّ وَاسْتَأْتَقُوا النَّعَمَ، فَجَاءَ الْخَيْرُ فِي أَوَّلِ النَّهَارِ، فَبَعَثَ فِي آثَارِهِمْ، فَلَمَّا ارْتَفَعَ النَّهَارُ جِيءَ بِهِمْ، فَأَمْرَ فَقَطَعَ أَيْدِيهِمْ، وَأَرْجَلَهُمْ، وَسُمِّرَتْ أَعْيُنُهُمْ، وَأَلْقُوا فِي الْحَرَّةِ يَسْتَسْقُونَ فَلَا يُسْقُونَ. (بخاري: ১৭১)

বাংলা

১৭১) আনাস বিন মালিক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা উরায়না কিংবা উল্ল গোত্রের কিছু লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আগমণ করল। মদীনার আবহাওয়া তাদের স্বাস্থের অনুকূল না হওয়ার কারণে তারা অসুস্থ হয়ে গেল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে দুবতী উটের কাছে যেতে আদেশ করলেন এবং বললেনঃ তোমরা উটের দুধ এবং পেশাব পান কর। তারা তথায় চলে গেল। কিছু দিন পর সুস্থ হয়ে তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রাখালকে হত্যা করল এবং পশুগুলো নিয়ে পালিয়ে যেতে লাগল। দিবসের প্রথম ভাগে যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এ সংবাদ আসল, তখন তিনি তাদেরকে পাকড়াও করার জন্য একদল সাহাবীকে প্রেরণ করলেন। দ্বিপ্রহরের সময় তাদেরকে পাকড়াও করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট নিয়ে আসা হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আদেশে তাদের হাত-পা কেটে দেয়া হল এবং লোহার কাঠি গরম করে তাদের চক্ষুগুলো ফুঁড়ে দেয়া হল। তারপর তাদেরকে উত্তপ্ত বালুর উপর ফেলে রাখা হল। তারা পানির পিপাসায় কাতর হয়ে পানি চাইলেও তাদেরকে তা দেয়া হল না।

টিকাঃ হাদীছ থেকে জানা গেল, যে সমস্ত পশুর মাংস খাওয়া হালাল সে সমস্ত পশুর পেশাব পরিব্রতি। তবে পানি ও শরবতের ন্যায় সাধারণ পানীয় বস্ত্ব নয়। বরং মোটের উপর এমন পরিব্রতি, যা কাপড় কিংবা শরীরে লাগলে তা নাপাক হবেনা। তাই এখানে কেবল টিকিংসা হিসাবে পান করার কথা বলা হয়েছে। তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রাখালকে যেভাবে হত্যা করেছিল, কিসাস স্বরূপ তাদেরকে সেভাবেই শাস্তি দেয়া হয়েছে। অন্যথায়

মুছলা করা তথা অঙ্গ-প্রত্যঙ্গ কেটে শাস্তি দেয়া ইসলামে নিষিদ্ধ। তাদের বিশ্বাসঘাতকতার ধরণও ছিল মারাত্মক। তাই যেমন কর্ম তেমন ফল হিসাবে এটি তাদের নৃণ্যতম পাওনা ছিল।

English

(What is said) about the urine of camels, sheep and other animals and about their folds

Narrated Abu Qilaba:

Anas said, "Some people of 'Ukl or 'Uraina tribe came to Medina and its climate did not suit them. So the Prophet (ﷺ) ordered them to go to the herd of (Milch) camels and to drink their milk and urine (as a medicine). So they went as directed and after they became healthy, they killed the shepherd of the Prophet and drove away all the camels. The news reached the Prophet (ﷺ) early in the morning and he sent (men) in their pursuit and they were captured and brought at noon. He then ordered to cut their hands and feet (and it was done), and their eyes were branded with heated pieces of iron, They were put in 'Al-Harra' and when they asked for water, no water was given to them." Abu Qilaba said, "Those people committed theft and murder, became infidels after embracing Islam and fought against Allah and His Apostle ."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ২৩৩

ইসলামিক সেন্টারঃ ২২৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88868>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন